যুগান্তর

তারিখ 12 SEP 2012
পৃষ্ঠা ৭ কলাম ২

সংসদে বিল পাস

# তিন বিশ্ববিদ্যালয়ের খরচ চালাতে আয় বাড়ানোর শর্ত বাতিল

সংসদ রিপোর্টার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের খরচ চালাতে ক্রমান্বয়ে নিজস্ব আয় বাড়ানোর শর্ত বাতিল করে সংসদে তিনটি বিল পাস হয়েছে। তবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে আয় করতে হবে বলে বিলে উল্লেখ রয়েছে। মঙ্গলবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিল তিনটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। এর আগে বিলের ওপর দেয়া সংশোধনী, জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব নাকচ হয়। ২ জুলাই শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিল তিনটি সংসদে উত্থাপন করেন। পরে এগুলো পরীক্ষা করে সংসদে রিপোর্ট দেয়ার জন্য সংসদীয় কমিটিতে পাঠানো হয়। ৫ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন বিল তিনটির রিপোর্ট উপস্থাপন করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন- ২০০৫ এর ২৭ ধারায় বলা হয়েছিল, বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়নের পর এর ব্যয় জোগানে সরকারের বরাদ্দ ধীরে ধীরে কমতে থাকবে এবং পঞ্চম বছর থেকে ব্যয়ের শতভাগ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে বহন করতে হবে। ২০০৬ সালে প্রণীত কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইনেও একই বিধান রাখা হয়েছিল। তবে এক্ষেত্রে সময়সীমা ছিল দশ বছর। তিনটি বিলেই বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়িত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে আয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বরাদ্দ করা অর্থ দ্বারা বিশ্ববিদ্যালয় ব্যয় নির্বাহ করবে। তবে শর্ত থাকে যে, বিশ্ববিদ্যালয় ক্রমান্বয়ে নিজস্ব আয় বাড়ানোর চেষ্টা অব্যাহত রাখবে। সংসদীয় কমিটি এই শর্ত বাদ দিয়ে রিপোর্ট চূড়ান্ত করে। উল্লেখ্য, চলতি বছরের শুরুতে এ বিধান পরিবর্তন করতে আন্দোলন শুরু করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পরে সরকার এ বিধান পরিবর্তনের আশ্বাস দেয়। নিজস্ব আয় বাড়ানোর জন্য সেমিস্টার ফি বেশি ধার্য করায় এ আন্দোলন করে শিক্ষার্থীরা।